বাংলাদেশ জাতীয় জাদুঘর
শাহবাগ, ঢাকা-১০০০।

সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সেবা গ্রহীতাদের অবহিতকরণ সভার কার্যবিবরণী:

সভার তারিখ	৯ মার্চ ২০২১, মঙ্গলবার
সময়	বিকাল ৪.০০ মিনিট
স্থান	সুফিয়া কামাল মিলনায়তন
সভাপতি	খোন্দকার মোস্তাফিজুর রহমান, মহাপরিচালক, বাংলাদেশ জাতীয় জাদুঘর।

সিটিজেন চার্টারে সংযোজিত নাগরিক সেবা বিষয়ে সেবা গ্রহীতাদের অবহিত করার জন্য আয়োজিত। সভায় সভাপতিত্ব করেন বাংলাদেশ জাতীয় জাদুঘরের মহাপরিচালক খোন্দকার মোস্তাফিজুর রহমান এনডিসি। সভায় আমন্ত্রিত সেবা গ্রহীতাগণ উপস্থিত ছিলেন (পরিশিষ্ট 'ক')। সভাপতি করোনা পরিস্থিতির মধ্যেও স্বাস্থ্যবিধি মেনে উপস্থিত হওয়ার জন্য সকলকে কৃতজ্ঞতা জানিয়ে বলেন, নাগরিকদের সেবা প্রদানের জন্য বাংলাদেশ জাতীয় জাদুঘরের সেবা প্রদান প্রতিশ্রুতি প্রস্তুত করে সেবা গ্রহীতাদের জন্য জাদুঘরের ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। প্রয়োজন দেখা দিলে এটি সংশোধন করা হয়। সিটিজেন চার্টারে সেবা প্রদানের ক্ষেত্রে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের এবং নির্ধারিত সময়ের মধ্যে সেবা প্রদান করা হবে সে বিষয়ে নির্দেশনা দেয়া হয়েছে। সিটিজেন চার্টার জনগণের জন্য কার্যকরী পদক্ষেপ বিবেচিত হওয়ায় ধারাবাহিকতভাবে সিটিজেন চার্টার পরিশীলিত করে যুগোপযোগী করা হয়েছে। সিটিজেন চার্টারে নাগরিক সেবা প্রদানের ক্ষেত্রে জাদুঘর কার্যকরী ভূমিকা রাখতে আগ্রহী। এজন্য তিনি সিটিজেন চার্টারের ভিত্তিতে জাদুঘরের করণীয় বিষয়ে মতামত দেয়ার অনুরোধ জানান।

ক্রমিক	নাম ও ঠিকানা	প্রস্তাবনা	সিদ্ধান্ত
১	অধ্যাপক রুবাইয়াত ফেরদৌস ঢাকা বিশ্ববিদ্যালয়।	জাদুঘরকে জনবান্ধব করতে সেবা প্রদান প্রক্রিয়া জনগণের দোরগোড়ায় নেয়ার অনুরোধ জানান। তিনি ওয়াশরুম পরিষ্কার/ পরিচ্ছন্নতার ওপরে জোর দেন।	সভাপতি বলেন, বরাদ্দ প্রাপ্তি/বাস ক্রয়ের অনুমোদন পাওয়া গেলে জাদুঘরের সেবা জনগণের দোরগোড়ায় নিতে পুনরায় ভ্রাম্যমাণ প্রদর্শনী বাস ও শিক্ষা কার্যক্রম বাস চালু করা হবে। ওয়াশরুম পরিষ্কার ও পরিচ্ছন্নতার বিষয়ে নির্দেশনা দেয়া হয়েছে।
২	জনাব এটি এম শফিকুর রহমান লিঙ্কন শিক্ষক, মেভিন ইন্টার. স্কুল, রায়ের বাজার, ঢাকা। মোবাইল নম্বর: ০১৭১২৬০২৫৪৯	জাদুঘরের অনুসন্ধান কেন্দ্রে স্থাপন করা গ্যালারি দিক নির্দেশনা সংশোধন করার প্রস্তাব করেন।	সভাপতি বলেন, সম্প্রতি জাদুঘরে কয়েকটি গ্যালারি নতুন করে সাজানো হয়েছে। এজন্য দিক নির্দেশনা বোর্ড টি সংশোধন করা হবে।

৩	জনাব অমিত রঞ্জন দে (উদীচী শিল্পী গোষ্ঠী) ঢাকা। মোবাইল নম্বর: ০১৭১২৬৮১৭১১	জাদুঘরে শিশু-কিশোরদের জন্য ব্যাপক ভাবে সাংস্কৃতিক কর্মকাণ্ড বৃদ্ধির অনুরোধ করে বলেন, আগামী প্রজন্মকে সন্ত্রাস, জঙ্গীবাদ ও মাদকমুক্ত রাখতে সাংস্কৃতিক কর্মকাণ্ড সহায়ক ভূমিকা রাখতে পারে।	সভাপতি বলেন, জাদুঘর নিয়মিত শিশু-কিশোরদের জন্য সাংস্কৃতিক অনুষ্ঠান, চিত্রাঙ্কন প্রতিযোগিতা, হাতের লেখা প্রতিযোগিতাসহ নানা ধরনের প্রতিযোগিতা আয়োজন করে। বর্তমানে করোনার কারনে সীমিত রাখা হয়েছে।
৪	জনাব কিশোর রায়হান ট্যুর অপারেটর, ঢাকা। মোবাইল নম্বর: ০১৭১১৮৩৮২৪৩	বিদেশি অতিথিবৃন্দ জাদুঘর পরিদর্শনের সময় ছবি তুলতে চায়। কিন্তু ছবি তোলার বিষয়ে বিধিনিষেধ রয়েছে, ফলে বিদেশি অতিথিবৃন্দ জাদুঘর পরিদর্শনের স্মৃতি নিজ দেশে নিয়ে যেতে পারেন না। তাই ছবি তোলার বিষয়টি সহজ করার অনুরোধ করেন।	সভাপতি বলেন, ক্যামেরার ফ্লাস কিছু কিছু নিদর্শনের ক্ষতি করতে পারে। এজন্য কয়েকটি গালারিতে ছবি তুলতে দেয়া হয় না। এছাড়া কেউ আবেদন করলে নির্ধারিত ফি প্রদানের মাধ্যমে ছবি তোলার অনুমতি দেয়া হয়। বিষয়টি আরো সহজ করা যায় কিনা সে বিষয়টি পর্যালোচনা করা হবে।
৫	ড. আছিয়া খানম কিউরেটর, টাকা জাদুঘর	জাদুঘরের মুদ্রা গ্যালারিতে যে পাত্রে মুদ্রা পাওয়া গেছে সেই পাত্র ডিসপ্লে করার অনুরোধ করেন।	সভাপতি বলেন, ইতোমধ্যে কয়েন হোর্ড গ্যালারিতে উপস্থাপন করা হয়েছে। দর্শকদের চাহিদা বিবেচনা করে আরো হোর্ড দেয়া হবে।
৬	এ্যাডভোকেট আবুল কালাম আজাদ বাংলাদেশ সুপ্রীম কোর্ট মোবাইল নম্বর: ০১৭১২১৪৯৯৫৭	ই-টিকিটিং-এর পাশাপাশি ম্যানুয়াল টিকিট চালু করার অনুরোধ জনান।	সভাপতি বলেন, করোনা পরিস্থিতি স্বাভাবিক পর্যায়ে ফিরে আসলে ম্যানুয়াল টিকিট চালুর চিন্তা করা যায়।
৭	রুফাইদা জাকির অঙ্কিতা শিক্ষার্থী: দশম শ্রেণি মণিপুর উচ্চ বিদ্যালয় ও কলেজ মিরপুর, ঢাকা।	জাদুঘরের শিক্ষা কর্মসূচি কিংবা গাইড সেবা সম্পর্কে প্রত্যন্ত অঞ্চলের শিক্ষার্থীবৃন্দ জানেনা। তাদের জানাতে ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান।	সভাপতি বলেন, জাদুঘরের গাইড সেবা সকলের জন্য উন্মুক্ত। এজন্য আগ্রহী শিক্ষা প্রতিষ্ঠান যোগাযোগ করে এ সেবা গ্রহণ করতে পারে।
৮	জনাব শাহ্ মোঃ আসাদুল্লাহ ব্যাংকার	জাদুঘরের গ্যালারিতে নিদর্শনের সংখ্যা বাড়ানোর প্রস্তাব করেন।	সভাপতি বলেন, গ্যালারিতে প্রতিনিধিত্বশীল নিদর্শন ডিসপ্লে করা হয়েছে। বেশি নিদর্শন ছোট জায়গায় উপস্থাপন করা হলে দর্শক ভালভাবে নিদর্শন সম্পর্ক জানতে পারবে না। নতুন ভবণ

			হলে বেশি করে নির্দশন উপস্থাপন করা হবে। তবে নির্দশনসমূহ মাঝে মাঝে পরিবর্তন করা হচ্ছে।
৯	জনাব হারুন অর রমীদ ঠিকাদার লাবনী এন্টার প্রাইজ	দর্শকদের জন্য গ্যালারির শীতাতপ ব্যবস্থা বাড়ানোর অনুরোধ করেন।	সভাপতি শীতাতপ ব্যবস্থা উন্নত করার বিষয়টি গুরুত্বের সাথে বিবেচনা করা হবে মর্মে জানান।

আর কোন আলোচনা না থাকায় মহাপরিচালক সেবা গ্রহীতাদের ধন্যবাদ জানান। তিনি এ ধরনের কর্মসূচিতে সকলকে বারবার আসার অনুরোধ জানিয়ে এবং গঠনমূলক পরামর্শ দেয়ার জন্য ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

28/6/2020

খোন্দকার মোস্তাফিজুর রহমান এনডিসি
মহাপরিচালক
বাংলাদেশ জাতীয় জাদুঘর

স্মারক নম্বর: ৩.২২.০০০০.১২.০২.০২১.১৭,৬২৬৪/৬০)

তারিখ: ২৪/০৬/২০২২

অনুলিপি: সদয় অবগতির জন্য
১. কীপার (সকল) .... বিভাগ/ শাখা প্রধান
২. মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী।

28/6/2020

সাইদ সামসুল করীম
শিক্ষা অফিসার
বাংলাদেশ জাতীয় জাদুঘর